# AKASHVANI KOLKATA

## Regional News Unit

**Date: 18.08.2026** **Desk in Charge: SDG**

**Time: 01:30PM** **Edit & Compile: SHREJIT M./ARKA S.**

**DEO: KB** **NRT:- SHREJIT M.**

**Annoucement:-** আকাশবাণী/খবর পড়ছি –

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) ভারতের সভাপতিত্বে নতুন দিল্লির ভারত মণ্ডপমে দ্বাদশ ব্রিকস পরিবেশ মন্ত্রীদের বৈঠকের সূচনা।

২) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ চলতি সপ্তাহের বৃহস্পতিবার তিন দিনের সফরে পশ্চিমবঙ্গে আসছেন।

৩) ঝাড়খণ্ডে শিক্ষার্থীদের টানা ২৪ দিনের আন্দোলনের চাপে SSC-CGL পরীক্ষা বাতিল করেছে সেরাজ্যের সরকার।

৪) কর্ণাটক পাবলিক সার্ভিস কমিশন-KPSC-র প্রশ্নফাঁসের ঘটনায় ED কর্ণাটকের বেশ কয়েকটি স্থানে তল্লাশি চালিয়েছে।

৫) মধ্যপ্রদেশে একটি ট্রাক ও পিকআপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষে ৮ জন প্রাণ হারিয়েছেন, গুরুতর আহত ২৩ জন।

*************************************************************

নতুনদিল্লির ভারত মণ্ডপমে দ্বাদশ ব্রিকস (BRICS) পরিবেশ মন্ত্রীদের বৈঠক শুরু হয়েছে। পরিবেশগত সহযোগিতা শক্তিশালী করার ক্ষেত্রে ব্রিকসকে একটি অভিন্ন মঞ্চ হিসেবে ব্যবহার করার উদ্দেশ্যেই সদস্য রাষ্ট্রগুলির মন্ত্রী, আধিকারিক, নীতিনির্ধারক এবং বিশেষজ্ঞরা এই বৈঠকে একত্র হয়েছেন। কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী ভূপেন্দ্র যাদব এই বৈঠকে সভাপতিত্ব করছেন। এবছর ভারতের সভাপতিত্বে ব্রিকসের মূল 'Theme' হলো—Building for Resilience, Innovation, Cooperation and Sustainability ।

সমাজমাধ্যমের এক বার্তায় শ্রী যাদব জানান, পরিবেশ ওয়ার্কিং গ্রুপের পারস্পরিক সহযোগিতা আরও জোরদার করা এবং বৈঠকে ইতিবাচক আলোচনার ব্যাপারে তিনি আশাবাদী।

*************************

নতুন দিল্লিতে আগামী ১৭ ই সেপ্টেম্বর থেকে 'সেমিকন ইন্ডিয়া ২০২৬'-এর পঞ্চম সংস্করণ হতে চলেছে। তিন দিনব্যাপী এই সম্মেলনে ৪০ টিরও বেশি দেশ থেকে প্রায় ২৪০ টি প্রদর্শক সংস্থা এবং ৫০০-এরও বেশি দর্শক অংশ নেবেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই অনুষ্ঠানের উদ্বোধন করবেন। এছাড়াও, তিনি মার্কিন যুক্তরাষ্ট্র, জাপান, দক্ষিণ কোরিয়া, সিঙ্গাপুর, জার্মানি, নেদারল্যান্ডস এবং মালয়েশিয়ার আন্তর্জাতিক প্রধান কার্যনির্বাহী আধিকারিকদের সঙ্গে একটি গোলটেবিল বৈঠকে সভাপতিত্ব করবেন।

নতুন দিল্লিতে বৈদ্যুতিন ও তথ্যপ্রযুক্তি মন্ত্রকের সচিব এস কৃষ্ণন জানান, এই প্রদর্শনীতে জাপান, দক্ষিণ কোরিয়া, সিঙ্গাপুর, মালয়েশিয়া, জার্মানি এবং নেদারল্যান্ডসের ৬ টি আন্তর্জাতিক প্যাভিলিয়ন থাকবে। তিনি উল্লেখ করেন, 'সেমিকন ইন্ডিয়া' সম্মেলনের এই পঞ্চম সংস্করণের মূল বিষয় হলো—সিলিকন টু সিস্টেমস, বিল্ডিং দ্য ইকোসিস্টেমস। মন্ত্রক আরও জানিয়েছে, সম্মেলনের সময় সেমিকন্ডাক্টর শিল্পে মহিলাদের ক্ষমতায়ন ও নেতৃত্ব বিষয়ক একটি বিশেষ অধিবেশনও অনুষ্ঠিত হবে।

************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ চলতি সপ্তাহের বৃহস্পতিবার তিন দিনের সফরে পশ্চিমবঙ্গে আসছেন। এই সফরে উত্তরবঙ্গের প্রশাসনিক বৈঠক-সহ একাধিক কর্মসূচিতে অংশ নেওয়ার পাশাপাশি সীমান্ত নিরাপত্তার সঙ্গে সংশ্লিষ্ট বেশ কিছু প্রকল্পের তিনি সূচনা করবেন বলে জানা গেছে।

সফরকালে সীমান্তবর্তী এলাকার নিরাপত্তা ব্যবস্থা পর্যালোচনার পাশাপাশি সীমান্ত লাগোয়া জেলাগুলিতে নগদ টাকার অবৈধ লেনদেন রুখতে জেলা শাসকদের নিয়ে একটি গুরুত্বপূর্ণ বৈঠকেও বসবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। এছাড়া ভারতীয় ন্যায় সংহিতার বাস্তবায়ন নিয়ে বিশেষ পর্যালোচনা সভায় অংশ নেওয়ার পাশাপাশি ওই বিষয়ের উপর শিলিগুড়িতে একটি বিশেষ প্রদর্শশালার উদ্বোধনও করবেন তিনি।

************************

ঝাড়খণ্ডে শিক্ষার্থীদের টানা ২৪ দিনের আন্দোলনের চাপে 'JSSC-CGL' পরীক্ষা বাতিল করেছে সেরাজ্যের সরকার। এর পাশাপাশি, বেসরকারি সংস্থা 'TDPL'-এর মাধ্যমে পরিচালিত সমস্ত নিয়োগ পরীক্ষাও বাতিল করা হয়েছে। তবে, আন্দোলনরত শিক্ষার্থীদের সিবিআই (CBI) তদন্তের দাবির বিষয়টি অমীমাংসিতই রয়েছে।

এদিকে ২০১৪ সাল থেকে 'JPSC' এবং 'JSSC'-র অধীনে আয়োজিত সমস্ত নিয়োগ পরীক্ষার তদন্ত করতে বলেছে ঝাড়খণ্ড সরকার। ইতোমধ্যে, মন্ত্রী দীপিকা পান্ডে সিং, স্বাস্থ্যমন্ত্রী ইরফান আনসারি এবং বিধায়ক জয়রাম কুমার সদর হাসপাতালে গিয়ে আন্দোলনকারী শিক্ষার্থী দেবেন্দ্র নাথ মাহাতো ও অন্যান্যদের অনশন ভঙ্গ করিয়েছেন।

************************

কর্ণাটক পাবলিক সার্ভিস কমিশন-KPSC-র প্রশ্নফাঁসের ঘটনায় এনফোর্সমেন্ট ডিরেক্টরেট-ED কর্ণাটকের বেশ কয়েকটি স্থানে তল্লাশি চালিয়েছে। KPSC-র প্রাক্তন চেয়ারম্যান শিবশঙ্করপ্পা এস সাহুকারের বিরুদ্ধে সরকারি ভেটেরিনারি অফিসার নিয়োগের ক্ষেত্রে প্রশ্নফাঁস, OMR শিটে কারচুপি এবং জন প্রতি ৭০ থেকে ৮০ লক্ষ

টাকা ঘুষ দাবির অভিযোগ রয়েছে। এছাড়া, একটি বেসরকারি সংস্থা মধ্যস্থতাকারী হিসেবে কাজ করেছিল বলেও অভিযোগ উঠেছে। এই প্রেক্ষাপটে, ইডি, শিবশঙ্করপ্পা ও KPSC-র কয়েকজন প্রাক্তন সদস্যের বাসভবন এবং ওই বেসরকারি সংস্থার সঙ্গে যুক্ত অফিসগুলিতে তল্লাশি অভিযান চালায়।

************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ৩০ শে আগস্ট, আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৭-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ।

************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ৩০ শে আগস্ট, আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৭-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ।

আজকের প্রসঙ্গে শুনবেন আলোচনা ভারত - ব্রিটেন মুক্ত বাণিজ্য চুক্তি । ফেডারেশন অফ ইন্ডিয়ান এক্সপোর্ট অর্গানাইজেশনস এর আঞ্চলিক প্রধান জুঁই চৌধুরীর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

আকাশবাণী সংবাদ প্রযোজিত আলোচনাটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি ও DTH বাংলা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

*************************

মধ্যপ্রদেশের ভিন্দ জেলায় গতকাল গভীর রাতে গোয়ালিয়র-ভিন্দ-ইটাওয়া হাইওয়ে-৭১৯-এ একটি ট্রাক ও পিকআপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষে ৮ জন প্রাণ হারিয়েছেন, গুরুতর আহত ২৩। ওই শ্রমিকরা ভিন্দের গোহাদ থেকে উত্তরপ্রদেশের লখিমপুর খেরিতে নিজেদের বাড়ির দিকে যাচ্ছিলেন বলে জানা গেছে। ঘটনাস্থলেই ৫ জন শ্রমিকের মৃত্যু হয় এবং চিকিৎসার জন্য গোয়ালিয়র নিয়ে যাওয়ার পথে আরও ৩ জন মারা যান। পুলিশ একটি মামলা দায়ের করেছে এবং দুর্ঘটনার কারণ অনুসন্ধানে তদন্ত শুরু করেছে।

*************************

পাক-অধিকৃত জম্মু ও কাশ্মীরে ক্রমবর্ধমান উত্তেজনার মধ্যে পাকিস্তানি বাহিনীর মানবাধিকার লঙ্ঘনের বিষয়টি আন্তর্জাতিক সম্প্রদায়ের নজরে এনেছে ইউনাইটেড কাশ্মীর পিপলস ন্যাশনাল পার্টি 'UKPNP'। সাধারণ নাগরিকদের মৃত্যু, নির্বিচারে গ্রেপ্তার, অপহরণ এবং যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন করার বিষয়ে UKPNP গভীর উদ্বেগ প্রকাশ করেছে। বিচারবহির্ভূত হত্যা, নির্যাতন, বেআইনি আটকের মতো ঘটনাগুলির নিরপেক্ষ তদন্তের দাবি জানিয়েছে তারা।

*************************

মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ভারতের ভোটার আইডি কার্ড ব্যবস্থার ভূয়সী প্রশংসা করেছেন। মার্কিন যুক্তরাষ্ট্রের নির্বাচনী বিধিআরও কঠোর করার ক্ষেত্রে এটিকে একটি আদর্শ হিসেবে উল্লেখ করেন তিনি। আমেরিকান ভোটারদের শনাক্তকরণের নিয়ম আরও কঠোর করার কথা পুনর্ব্যক্ত করে, তিনি ভারতের নির্বাচনী ব্যবস্থাকে একটি উদাহরণ হিসেবে তুলে ধরেন।

সমাজমাধ্যমের এক বার্তায় ট্রাম্প, ভারতের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের সঙ্গে তাঁর সাম্প্রতিক এক আলোচনার প্রসঙ্গ তুলে ধরেন। তিনি জানান, ছবিযুক্ত পরিচয়পত্র ছাড়া মার্কিন যুক্তরাষ্ট্রের নির্বাচন নিয়ে প্রশ্ন তুলেছিলেন জ্ঞানেশ কুমার।

*************************

সোমালিয়াযর বায়োদা শহরে গতকাল সরকারী সেনাবাহিনীর আক্রমণে, আল সাবাব জঙ্গী গোষ্ঠীর কমপক্ষে ৩০ জন জঙ্গীর মৃত্যু হয়েছে। বহু সংখ্যক জঙ্গিকে আটক করা হয়েছে। সুমালিয়ার প্রতিরক্ষা মন্ত্রক সূত্রে পাওয়া খবরে জানা গেছে গতকাল সকালে আল সাবাব গোষ্ঠীর জঙ্গীরা গাড়ি বোমা ব্যবহার করে ,সোমালি ন্যাশনাল আর্মড ফোর্সের ঘাঁটি আক্রমণ করার চেষ্টা করে। সেনাবাহিনী দ্রুত প্রতিহত কোরে জঙ্গীদের গাড়ি ও অস্ত্রশস্ত্র বাজেয়াপ্ত করে। বায়োদা শহর বাঁচাতে জঙ্গিদের উপর প্রতি আক্রমণ চালায়।
এর আগে,রবিবার সোমালিয়ার জাতীয় গোয়েন্দা সংস্থা এবং নিরাপত্তা সংস্থা ঘোষণা করে হিরণ অঞ্চলে যৌথ অভিযান চালিয়ে আল সাবাব গোষ্ঠীর তিন কমান্ডার সহ আট জঙ্গির মৃত্যু হয়।

*************************

সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু, ভোট রাজনীতির স্বার্থে ‘বিদেশি অনুদান (নিয়ন্ত্রণ) সংশোধনী বিল’ নিয়ে বিভ্রান্তি ছড়ানোর জন্য বিরোধী দলগুলির বিরুদ্ধে অভিযোগ তুলেছেন। একটি বেসরকারি সংবাদ সংস্থাকে দেওয়া সাক্ষাৎকারে তিনি বলেন, এই বিলটি বিদেশি অর্থপ্রবাহে স্বচ্ছতা আনবে। বিলটি যৌথ সংসদীয় কমিটির কাছে পাঠানোর সিদ্ধান্তটি একটি চমৎকার পদক্ষেপ হিসেবে অভিহিত করেন তিনি। বিরোধীরা এ ব্যাপারে প্রচুর মিথ্যা তথ্য ছড়িয়েছে বলে তিনি অভিযোগ করেন।

( বাইট-রিজিজু )

************************

কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরী জানিয়েছেন, দেরগাঁও-ডিমাপুর পাইপলাইনটি চালু হওয়ার ফলে নাগাল্যান্ড এখন উত্তর-পূর্ব গ্যাস গ্রিড এবং জাতীয় গ্যাস গ্রিডের সঙ্গে যুক্ত হয়েছে। সমাজমাধ্যমে এক বার্তায় শ্রী পুরী বলেন, এই পাইপলাইন, উত্তর-পূর্ব ভারতকে দেশের উন্নয়নের চালিকাশক্তি হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে একটি মাইলফলক এবং এটি এই অঞ্চলকে একটি প্রকৃত সমন্বিত গ্যাস-ভিত্তিক অর্থনীতির পথে আরও এগিয়ে নিয়ে যাবে। মন্ত্রী জানান, এই পাইপলাইনের মাধ্যমে ONGC-র জোড়হাট গ্যাস ক্ষেত্র থেকে দৈনিক এক লক্ষেরও বেশি স্ট্যান্ডার্ড কিউবিক মিটার গ্যাস ব্যবহারের সুযোগ তৈরি হবে। এর ফলে গ্যাস ফ্লেয়ারিং অর্থাৎ, অব্যবহৃত গ্যাস পুড়িয়ে ফেলা হ্রাস পাবে, সমপরিমাণ LNG আমদানির প্রয়োজনীয়তা কমবে এবং প্রতি বছর কয়েকশো কোটি টাকার অর্থনৈতিক মূল্য সৃষ্টি হবে।

************************

জম্মু ও কাশ্মীরে সন্দেহভাজন ব্যক্তিদের চলাচলের খবর পাওয়ার পর আজ নিরাপত্তা বাহিনী উধমপুর, রিয়াসি এবং কাঠুয়া জেলার বিভিন্ন স্থানে তল্লাশি অভিযান শুরু করেছে। এছাড়া, নিরাপত্তা বাহিনী রিয়াসির সাদিনি বনাঞ্চল এবং কাঠুয়ার হিরানগর সেক্টরে আন্তর্জাতিক সীমান্তের কাছাকাছি কয়েকটি গ্রামেও তল্লাশি অভিযান চালিয়েছে।

এদিকে, গতকাল নর্দার্ন কমান্ডের জেনারেল অফিসার কমান্ডিং-ইন-চিফ লেফটেন্যান্ট জেনারেল প্রতীক শর্মা পুঞ্চ জেলায় নিয়ন্ত্রণরেখা বা Line of Control বরাবর সম্মুখবর্তী এলাকাগুলি পরিদর্শন করেছেন। পরিদর্শনের সময় তাঁকে বর্তমান নিরাপত্তা পরিস্থিতি, অভিযানের প্রস্তুতি এবং দুর্গম ভূখণ্ডে সেনা মোতায়েন সংক্রান্ত চ্যালেঞ্জগুলি সম্পর্কে অবহিত করা হয়। তিনি কর্তব্যরত জওয়ানদের সঙ্গে কথা বলেন এবং প্রতিকূল ভূখণ্ড ও আবহাওয়া সত্ত্বেও সর্বদা প্রস্তুত থাকার জন্য তাঁদের অদম্য মানসিকতার প্রশংসা করেন।

************************

নেদারল্যান্ডসের আমস্টেলভিনে আজ মহিলাদের এফআইএইচ (FIH) হকি বিশ্বকাপ ২০২৬-এর ‘পুল ডি’-তে দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হবে ভারতীয় মহিলা হকি দল। অলিম্পিকে রূপোজয়ী চীনের সঙ্গে ২-২ গোলে ড্র করে ভারত তাদের অভিযান শুরু করে। বর্তমানে ‘পুল ডি’-তে শীর্ষে রয়েছে ইংল্যান্ড। সমান পয়েন্ট নিয়ে ভারত ও চীন যৌথভাবে দ্বিতীয় স্থানে অবস্থান করছে। চারটি পুলের প্রতিটির শীর্ষ দুটি দল টুর্নামেন্টের পরবর্তী ধাপে খেলবে।

অন্যদিকে আমস্টেলভিনে পুরুষদের এফআইএইচ (FIH) হকি বিশ্বকাপের 'পুল ডি'-র দ্বিতীয় ম্যাচে ভারত ইংল্যান্ডের কাছে ২-৪ ব্যবধানে পরাজিত হয়েছে।

উদ্বোধনী ম্যাচে ওয়েলসের বিপক্ষে ৩-১ ব্যবধানে জয়ের পর, দুই ম্যাচ শেষে ভারতের সংগ্রহ তিন পয়েন্ট। আগামীকাল ভারত পাকিস্তানের মুখোমুখি হবে এবং পরবর্তী রাউন্ডে যেতে হলে তাদের অন্তত ম্যাচটি ড্র করতে হবে। তবে পরাজিত হলে ভারতীয় দল টুর্নামেন্ট থেকে ছিটকে যাবে।

*************************

BWF বিশ্ব ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপে আজ সন্ধ্যায় নতুন দিল্লির ইন্দিরা গান্ধী ইনডোর স্টেডিয়ামে পুরুষদের সিঙ্গলসের প্রথম রাউন্ডে ভারতের লক্ষ্য সেন, অস্ট্রিয়ার কলিন্স ফিলিমনের মুখোমুখি হবেন। অন্যদিকে, উন্নতি হুডা, মহিলাদের সিঙ্গলসের প্রথম রাউন্ডে মায়ানমারের থেট হতার থুজারের বিরুদ্ধে খেলবেন।

মিক্সড ডাবলসের প্রথম রাউন্ডে ভারতের রোহান কাপুর ও রুথভিকা শিবানি গাদ্দে, কানাডার জোনাথন লাই ও ক্রিস্টাল লাই জুটির কাছে হেরে গেছেন। প্রথম গেমে ২২-২০ ব্যবধানে জয়লাভের পর ভারতীয় জুটি পরবর্তী দুটি গেমে, ১৯-২১ ও ১৭-২১ ব্যবধানে হেরে যায়।

এদিকে, মিক্সড ডাবলসের আরেকটি ম্যাচে ভারতের অশিথ সূর্য ও অমৃতা প্রমুথেশ, তুরস্কের এমরে সোনমেজ ও ইয়াসেমেন বেকতাশের মুখোমুখি হবেন।

মহিলাদের ডাবলসের দ্বিতীয় রাউন্ডে ভারতের তৃষা জলি ও গায়ত্রী গোপীচাঁদ জুটি, মার্কিন যুক্তরাষ্ট্রের লরেন লাম ও অ্যালিসন লি-র মুখোমুখি হবে। এছাড়া ভারতের কবিপ্রিয়া সেলভাম ও সিমরান সিংঘি, বুলগেরিয়ার স্টেফানি স্তোয়েভা ও গ্যাব্রিয়েলা স্তোয়েভার বিরুদ্ধে খেলবেন।

*********************************************************************